

আল-কামার | Al-Qamar | الْقَمَر

আয়াতঃ ৫৪ : ৩১

আরবি মূল আয়াত:

إِنَّا أَرْسَلْنَا عَلَيْهِمْ صَيْحَةً وَاحِدَةً فَكَانُوا كَهَشِيمِ الْمُحْتَظِرِ ﴿٣١﴾

অনুবাদসমূহ:

নিশ্চয় আমি তাদের কাছে পাঠিয়েছিলাম এক বিকট আওয়াজ, ফলে তারা খোয়াড় প্রস্তুতকারীর খন্ডিত শুষ্ক খড়ের মত হয়ে গেল। — আল-বায়ান

আমি তাদের উপর পাঠিয়েছিলাম একটি মাত্র প্রচন্ড ধ্বনি। ফলে তারা খোঁয়াড়ওয়ালাদের (নির্মিত) ভেঙ্গে চুরে যাওয়া শুকনা ডালপালার মত গুঁড়িয়ে গেল। — তাইসিরুল

আমি তাদেরকে আঘাত হেনেছিলাম এক মহানাদ দ্বারা; ফলে তারা হয়ে গেল খোয়াড় প্রস্তুতকারী বিখন্ডিত শুষ্ক শাখা-প্রশাখার ন্যায়। — মুজিবুর রহমান

Indeed, We sent upon them one blast from the sky, and they became like the dry twig fragments of an [animal] pen. — Sahih International

৩১. নিশ্চয় আমরা তাদের উপর পাঠিয়েছিলাম এক বিকট আওয়াজ; ফলে তারা হয়ে গেল খোয়াড় প্রস্তুতকারীর বিখন্ডিত শুষ্ক খড়ের ন্যায়।(১)

(১) যারা গবাদি পশু লালন পালন করে তারা পশুর খোয়াড়ের সংরক্ষণ ও হিফাজতের জন্য কাঠ ও গাছের ডাল পালা দিয়ে বেড়া তৈরী করে দেয়। এ বেড়ার কাঠ ও গাছ গাছালীর ডালপালা আস্তে আস্তে শুকিয়ে ঝরে পড়ে এবং পশুদের আসা যাওয়ায় পদদলিত হয়ে করাতের গুড়ার মত হয়ে যায়। সামুদ্র জাতির দলিত মথিত লাশসমূহকে করাতের ঐ গুড়ার সাথে তুলনা করা হয়েছে।

তাফসীরে জাকারিয়া

(৩১) নিশ্চয় আমি তাদের উপর এক বিরাট আওয়াজ প্রেরণ করলাম, ফলে তারা খোয়াড় প্রস্তুতকারীর চূর্ণ-বিচূর্ণ ডাল-পাতার মত হয়ে গেল। [1]

[1] حَظِيرَةٍ এর অর্থ, مَحْظُورَةٌ খোয়াড়; যা কাঁটায়ুক্ত শুকনো ডালপালা বা কাষ্ঠখন্ড দিয়ে পশুর সংরক্ষণের জন্য তৈরী করা হয়। مُحْتَظِرٌ হল 'ইসম ফা-য়েল' (কর্তৃপদ), অর্থ: صَاحِبُ الْحَظِيرَةِ (খোয়াড়-ওয়ালা)। আর هَشِيمٌ হল শুকনো ঘাস বা কর্তিত শুকনো ফসলাদি। অর্থাৎ, যেভাবে একজন বেড়া নির্মাতার শুকনো কাঠের টুকরো ও ডালপালাগুলো লাগাতার পদতলে পিষ্ট হওয়ার কারণে চূর্ণ-বিচূর্ণ হয়ে যায়, তারাও ঐভাবে আমার আঘাবে চূর্ণ হয়ে

যায়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4877>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন